



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়
জয়পুরহাট
www.joypurhat.gov.bd

জয়পুরহাট জেলা ঔষধের অনিয়ম প্রতিরোধ সংক্রান্ত অ্যাকশন কমিটির মে/২০২২ইং মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃশরীফুল ইসলাম
জেলা ম্যাজিস্ট্রেট
জয়পুরহাট।
স্থান : জেলা ম্যাজিস্ট্রেটের সম্মেলন কক্ষ
তারিখ : ০৮/০৫/২০২২ খ্রি:, সময় : দুপুর ১২.৪০ ঘটিকা
উপস্থিতি : পরিশিষ্ট-"ক" দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভা আরম্ভ করেন। অতঃপর গত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর গত সভার গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা করা হয় এবং ঔষধের অনিয়ম প্রতিরোধ সংক্রান্ত বিষয়সমূহ আলোচনা করা হয়।

ঔষধ তত্ত্বাবধায়ক, জয়পুরহাট বলেন, নকল ও ভেজাল ঔষধ নিয়ন্ত্রণে ফার্মেসীর নজরদারি কার্যক্রম বৃদ্ধি করা হয়েছে। অ্যান্টিবায়োটিকের অপব্যবহার রোধে জনগন ও ঔষধ ব্যবসায়ীদের মাঝে নিয়মিত সচেতনতামূলক সভার আয়োজন করা হচ্ছে। মেয়াদোত্তীর্ণ ঔষধ সংরক্ষণের জন্য সরকারি নির্দেশনা মেনে চলার জন্য ঔষধ ব্যবসায়ীবৃন্দকে নির্দেশনা দেওয়া হয়েছে। অবৈধ অ্যালকোহলের মজুদ ও ক্রয়-বিক্রয় রোধে হোমিওপ্যাথিক ঔষধ প্রস্তুতকারী প্রতিষ্ঠান এবং হোমিওপ্যাথিক ফার্মেসীর উপর নজরদারি বৃদ্ধি করা হয়েছে। নকল ও ভেজাল ঔষধ নিয়ন্ত্রণে জেলা সদর ও উপজেলায় মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রয়েছে।

জেলা ম্যাজিস্ট্রেট ও সভার সভাপতি বলেন, প্রতিটি ফার্মেসীতে প্রশিক্ষিত ফার্মাসিস্ট থাকা নিশ্চিত করতে হবে। সরকার কর্তৃক নির্ধারিত মূল্যের অধিক কেউ যাতে ঔষধ বিক্রয় করতে না পারে সে দিকে লক্ষ্য রাখতে হবে। অ্যান্টিবায়োটিকের অপব্যবহার রোধে প্রেসক্রিপশন ছাড়া অ্যান্টিবায়োটিক বিক্রয় না করতে ঔষধ ব্যবসায়ীবৃন্দকে আহ্বান জানান। নকল, ভেজাল ও মেয়াদোত্তীর্ণ ঔষধের ব্যবহার রোধে নিয়মিত জনসচেতনতামূলক সভার আয়োজন করতে হবে এবং ভেজাল ঔষধ নিয়ন্ত্রণে জেলা সদর ও উপজেলায় মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে।


অতঃপর সভার আলোচ্যসূচি অনুযায়ী নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

নং	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	নকল, ভেজাল ও মেয়াদোত্তীর্ণ ঔষধের ব্যবহার রোধে নিয়মিত জনসচেতনতামূলক সভার আয়োজন করতে হবে।	১) ঔষধ তত্ত্বাবধায়ক, জয়পুরহাট ২) সভাপতি, বিসিডিএস, জয়পুরহাট ৩) বাংলাদেশ হোমিওপ্যাথিক অ্যাসোসিয়েশন, জয়পুরহাট
২	প্রতিটি ফার্মেসীতে প্রশিক্ষিত ফার্মাসিস্ট থাকা নিশ্চিত করতে হবে।	১) ঔষধ তত্ত্বাবধায়ক, জয়পুরহাট ২) সভাপতি, বিসিডিএস, জয়পুরহাট
৩	সরকার কর্তৃক নির্ধারিত মূল্যে ঔষধ বিক্রয় অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	১) ঔষধ তত্ত্বাবধায়ক, জয়পুরহাট ২) সভাপতি, বিসিডিএস, জয়পুরহাট



৪	নকল ও ডেজাল ঔষধ নিয়ন্ত্রণে জেলা সদর ও উপজেলায় মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	১) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, জয়পুরহাট ২) উপজেলা নির্বাহী অফিসারগণ, জয়পুরহাট ৩) ঔষধ তত্ত্বাবধায়ক, জয়পুরহাট
৫	প্রেসক্রিপশন ছাড়া অ্যান্টিবায়োটিক বিক্রয় না করার সিদ্ধান্ত গৃহীত হয়। জনগন ও ঔষধ ব্যবসায়ীদের মাঝে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে অ্যান্টিবায়োটিকের অপব্যবহার রোধ সংক্রান্ত সচেতনতামূলক সভার নিয়মিত আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১) সিভিল সার্জন, জয়পুরহাট। ২) জেলা প্রানিসম্পদ কর্মকর্তা, জয়পুরহাট ৩) ঔষধ তত্ত্বাবধায়ক, জয়পুরহাট ৪) সভাপতি, বিসিডিএস, জয়পুরহাট

পরিশেষে সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার পরিসমাপ্তি ঘোষণা করা হয়।



(মো: শরীফুল ইসলাম)

জেলা ম্যাজিস্ট্রেট

ও

সভাপতি

জেলা ঔষধের অনিয়ম প্রতিরোধ সংক্রান্ত অ্যাকশন কমিটি

জয়পুরহাট

☎ ০২৫৮৯৯১৫০৫১

dcjoypurhat@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা কার্যালয়

ঔষধ প্রশাসন, জয়পুরহাট।

স্মারক নং : ঔপ্র/জয়/সভা/২০২০/৩৫৯

তারিখ: ২৬/০৫/২০২২ইং

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

- ১) মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২) বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ৩) উপপরিচালক, বিভাগীয় কার্যালয়, ঔষধ প্রশাসন, রাজশাহী।
- ৪) -----, জয়পুরহাট।


(মো: মোক্কেদুল আমিন)

সদস্য সচিব

জেলা ঔষধের অনিয়ম প্রতিরোধ সংক্রান্ত অ্যাকশন কমিটি

জয়পুরহাট

☎ ০২৫৮৯৯১৫৪৭৬

drugadjoypurhat@gmail.com